ভারপর বর্গাদার সম্বন্ধে একটা বলি—বর্গাদাররা বহুকাল ধরে মালিকদের ন্বারা উৎপীডিত হচ্চিল। তাদের আন্দোলনের ফলে বর্গাদার এট্রন্থ পাশ করা হলে তাদের খানিকটা সারাহা হয়েছিল, তাদের বর্গাদার বলে স্বীকার করে নেওয়া হয়েছিল। কিল্ড আজকে এই আইনে যে বাবস্থা করা হচ্ছে তাতে তাদের সেই স্বীকৃতি থেকে বঞ্চিত করা হচ্ছে। আগে. বর্গাদার আইনে िष्टल रा वर्गामास्त्रत काष्ट्र स्थारक क्षेत्र ष्ट्राणिस्य निर्देश राल स्थार क्षेत्र मालिक निर्देश किरवा उत्तर পরিবারভক্ত লোক নিজের। চাষ করবে এই সর্ভে নিতে পাবত। কিন্ত এই আইনের মধ্যে পার্সোনাল কালটিভেসনএর যে ডেফিনিসন তাতে হায়ার্ড লেবার দিয়েও চাষ করাতে পারবে এটা থাকাতে বর্গাদারদের সমুহত সুযোগ নগট হয়ে গেল। বর্গাদার আইনেব যে আসল উদ্দেশ্য **भा**रे कार्य हारा ताल कार्य जन्म वर्गामाय है है कि कार्य भारता हारा हारा है कि जन्म सालिक বা তার পরিবারভক্ত লোক নিজেদেব হাতে জাম চায় ন করেও লোক বেখে চাষ করবে এই অজ্ঞাতে বর্গাদারদের উচ্ছেদ করবার পথ পরিংকাব হয়ে গেল। বর্গাদার আইনে বর্গাদার ও মালিকদের মধ্যে দুটে-ততীয়াংশ ও এক ততীয়াংশ ফুসলের যে ভাগ-বাটোয়ার ছিল স্মান্ত এই আইনে ৬০ : ৪০ করা হল। সঞ্জাং বর্গাদার আইনেব যে সমুহত সুযোগ স্কবিধা বর্গা-দারদের ছিল তা সমুস্তই আইন বার্থ করে দিল। শুরা তাই ন্য সবচেয়ে মারাজ্বক যেটা সেই উচ্চেদের পথও এই আইনে পরিক্ষাব হয়ে গেল। তারপর পার্টিসনএর ব্যাপাবে জামজমা ভাগ-বাটোয়াবা ব্যাপাবে আগে চাষীরা নিজেদের মধ্যে কাউকে শালিশী মেনে নিজের জমিজমা ভাগ করে নিত্তে পাবত, তার জন্য কোন থবচ বা বেজিপ্টি ফি দিতে হতে না-- সেই চিবার্চাবত পথা বদ করে দিয়ে এই আইনে যে বাবস্থা হল তাতে যেকোন হস্তান্তবে রেজিম্ট্রি ফি দিতে হবে। কাজেই এই আইনে যা দেখছি তাতে এই বিবাট কৃষক সম্প্রদাযের মণ্যলের বিশেষ কোন বাবস্থাই করা হয় নি, সরকার তাদের জনা এমন কোন বাবস্থা করেন নি যাতে তারা নিজেদের জীবিকা-র্জানের পথ পায়। সেই বাবস্থা কিছু না করেই তাদেব উচ্চেদের পথ উন্মন্তে করে দিলেন— তাদের শোচনীয় অর্থনৈতিক অবস্থার উপব আরও আঘাত হানলেন। ভটাল্ডার্ড **এরিয়া r** কতথানি কি হবে না হবে সে সম্বন্ধেও আইনে কিছু উল্লেখ নাই। এ সমুহত কোন কিছু না করে কৃষকদের জীবিকার্জানেব বিকল্প কোন বাবস্থা না করে গ্টান্ডার্ডা এরিয়াএর যুক্তিতে ব্যবস্থা করছেন আরও বেকারী স্থিট কবছেন এটা আমি সম্পূর্ণ নাায়বিরোধী বলে মনে করি। সতেরাং আইনে যে বাবস্থা হচ্ছে তাতে দবিদ্র নিঃসম্বল কৃষকদের দাবিদ্রা দূর কববার কোন বাবস্থাতো हमरे ना वतः आत्र एय तिकाती मुन्धित वावम्था हर्र्ष्ठ लाएल अवस्था आवर्ष ज्यावह हर्ष वर्रण মনে কবি।

[12-30-12-35 p.m.]

এই আইন যা হয়েছে তাুকে প্রতিক্রিয়াশীল ছাড়া আব কিছা বলা যায় না। ছামি হস্তান্তরের বাবস্থা এই আইনে রয়েছে। তাতে সকল সময়েই ছামি হস্তান্তব হতে থাকরে। ছামির খাজনা ছামির সংগো নির্দিষ্টি না ইওয়াব জনো, এবং একজন মানুষেব অধীনে কতথানি ছামি থাকরে তার উপরে জামির থাজনা নির্ভাৱ করছে বলে এই খাজনাব হাব অনববত পরিবৃত্তি হতে

প্রাক্তরে। খাজনা অনবরত পরিবর্তনশীল হওয়ার জনো, রেডিনিউ রেকর্ডস সর্বদাই পরিবর্তন ে কবতে হবে। সরকারের বহ, টাকা এ ব্যাপারে খরচ হবে। তারপরেও সেই খাজনার হার ঠিক ধার্য হবে কিনা সে বিষয়ে আমার সন্দেহ আছে। সরকার দ্ল্যাব সীন্টেমএর উপর বেশী জোর দিলেন আমরা বারবার খাজনার নীতি সম্পর্কে সমালোচনা করেছি। একই এলাকায় সমুস্ত জুমির গড় উৎপাদনের উপর নির্ভার করে সমুহত জুমির খাজনা একই হারে নির্ধারণ করা ঠিক নয়। বিভিন্ন জমির আয় ও ব্যয়ের দিকটায় তারা কোন নজর দিচ্ছেন না। একই এলাকায় বিভিন্ন প্রকার জমির জন্য বিভিন্ন হারে খাজনা নিদিপ্ট করা উচিত। কো-অপার্কেটিভ,এব বিষয়ে আমি শুধু বলব যে এটা জোর করে জনসাধারণের উপর চাপিয়ে দেওয়া হচ্চে। এই জোর করে চাপিয়ে দেওয়ার ফল ভাল হবে বলে আমি মনে করি না। কারণ চাষীরা নিজেরা র্যাদ ব্রুতে না পারে যে কো-অপারেটিভএ তাদের বেশী লাভ দেবে, তাদের উপার্জনের পথ আরও সংগম করবে তাহলে কো-অপারেটিভএর যে মাল উদ্দেশ্য তাই বার্থ হবে। এই আইনের মধ্যে কৃষক জনসাধারণকে উপেক্ষা করা হয়েছে। সব সময় দেখা হয়েছে যাতে ভূমির মালিকরা সাযোগসাবিধা বেশী লাভ করতে পারে। ক্যকেরাই যে স্তিকারের জ্মির মালিক সেদিকে কোন লক্ষ্যই দেওয়া হয় নি। সেদিকে দুভি রেখে আইন রচনা করা উচিত ছিল। সবশেষে আমি আর একটি কথা বলব, যে আইনের মধ্য দিয়ে সরকারের আমলাভান্তিক মনোভাব আর একবার অত্যন্ত প্পণ্টভাবে প্রকাশ পেয়েছে। যে সমুস্ত রেভিনিউ অফিসার থাকবেন তা**দের** ব্যাপক ক্ষমতা দেওয়া হয়েছে। অথচ এই অফিসারদের সংগ্রে জনসাধারণের কোন সংযোগ বাবস্থা নেই। এই সমুহত অফিসার যারা খাজনা নির্ধারণ করবেন তাদের এ সু<del>দ্বাধ্</del>যে কোন ধারণা বা অভিজ্ঞতা নেই, সতেরাং এ'দের হাতে ক্যকেরা নায় বিচার পাবে এটা আশা করতে পারি না।

#### Adjournment.

The House was then adjourned at 12-35 p.m. till 3 p.m. on Monday, the 12th December, 1955, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday, the 12th December, 1955, at 3 p.m.

#### Present:

Mr. Speaker (The Hon'ble Salla Kumar Mukhfriee) in the Chair, 16 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 178 Members.

[3-3-12 p.m.]

#### Obituary.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Mr. Speaker, Sir, 1 want to have your permission to mention the death of one of our colleagues, Sj. Koustav Kanti Karan. He died this morning at about 6 a.m. He got fever about five or six days ago which ultimately turned into meningitis and in spite of all our efforts he died this morning. He was young and yet he was mature in his judgment on political matters. He was clear in his ideal, incisive in his opinion and he could express himself clearly. He was not atraid of openly and frankly opposing ideas and opinions which he thought were not correct. He was a man who was destined to go up high in political field it only Providence had spared him. I was looking forward to his going high up in our party matters and giving us his valued opinion for many years to come but that is not to be. Of such a life one is reminded of the words of the poet—

"Is Lafe a boon,
It so, why must it befall.
That when Death doth call,
It calls too soon?"

May his soul rest in peace!

#### Sj. Jnanendra Kumar Chaudhury:

মিঃ দপীকার সারে আমি এ সদবদের একটা বলছি। তাঁব স্পেগ আমার খ্ব পাঁসোনালি জানাছিল , এবং তিনি আমাকে খ্বই রেসপেই কবতেন। তিনি আলিপারে ওকালতি করতেন। আমি খ্বই আশা ক্রেছিলাম যে তিনি ওকালতিতে এবং পলিটিকাল ফিল্ডএ রাইজ কর্বেন।

আমি প্রমিস করেছিলাম আমার যতদ্ব সাধ। আমি তাঁকে সাহায্য কববো এবং তা করতেও সূত্রু করেছিলাম।

আমি জানতাম না যে, তাঁব এইরকম অসুথ কবেছে। প্রধান মন্ত্রীমহাশায়ের কা**ছে শানে** অতানত বাথিত হয়েছি। যদিও তিনি ভিন্ন দলেব সংগ্রে ছিলেন, কিন্তু তিনি কথনও আমাদের সংগ্রেমন কোন বাবহার কবেন নি। তিনি প্রাণথলে আমাদের সকলের সংগ্রেমণিতেন এবং তাঁর যা বস্তব্য তা তিনি বলতেন। সেইজনা আজকে তাঁব অকাল মৃত্যুতে আমরা অতাঁব দৃঃখিত, এবং শোক প্রকাশ করছি। আমরা কামনা করি তাঁর আয়ার শানিত হোক।

#### Sj. Natendra Nath Das:

মিঃ স্পীকার স্যার, মুখ্যমন্ত্রীমহাশয় যে শোক প্রকাশ করেছেন, তাঁর সপ্তে আমি একমত। কাঁথার যেসব প্রতিনিধি আছেন, আমরা সকলে এইজনা দুঃখ বেদনা জানাচ্ছি, এবং আমাদের পার্টির তরফ থেকেও গভার সমবেদনা প্রকাশ করছি। কৌস্তভ বাবু আমাদের সহক্ষী ছিলেন। বহুকাল একতে কাজ করেছি। আমরা সকল কমীরা হাসপাতালে তাঁকে দেখতে গিয়েছি, দেখা করেছি। ডাঃ রায়ও হাসপাতালে দেখতে গিয়েছিলেন। তিনি তাঁর জন্য প্রাণপণ করেছেন। সেজন্য আমি তাঁর প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি। সেখানে যমে মানুষে লড়াই দেখেছি। বিরোধী দলে থাকলেও বরাবর তাঁর সঙ্গে কাজ করেছি। বিয়াল্লিশ সালেও তাঁর সঙ্গে কাজ করেছিলাম। সে কথা স্মারণ করে আজ চোখে জল আসছে। আমি প্রার্থনা করি তাঁর অমর আত্মা শান্তি পাক, তাঁর শোক সন্তংভ পরিবারবর্গের শান্তি আস্কে। এই বলে পার্টির তরফ থেকে আমাদের দঃখ বেদনা জানাচ্ছি।

#### Si. Biren Baneriee:

মাননীয় পশীকারমহাশ্র প্রধান মন্ত্রীমহাশয় যে নিবেদন করেছেন তার সংগ্য আমি আমার পার্টির তরফ থেকে আমাদের কঠে এই বলে মেলাতে চাই যে স্বগীয় কৌসতভ কান্তি করণ আমাদের প্র পরিচিত না থাকলেও, তাকে আমরা এখানে যেভাবে দেখেছি শত অস্বিধা, বাধাবিপত্তি থাকা সত্ত্বেও, তাঁকে আমরা বন্ধ্ হিসাবে দেখেছি। তিনি যথনই কিছু বলতেন বা করতেন তার মধ্যে একটা আদর্শগিত চিন্তা আমরা ফুটে উঠতে দেখেছি। শুধ্ তাই নয় সাধারণভাবে যে যথনই তাঁর সপ্গে মিশেছে তখনই তাকে তাঁর বন্ধ্ছের ডোরে বাঁধবার চেণ্টা করেছেন। অতান্ত দ্বংথের বিষয়, এবং আমি বান্তিগতভাবে এই কথা মনে করি যে তিনি যে এই প্রকার অভ্যন্ত অসম্প্র হয়ে পড়েছেন তা আমরা জানতাম না। তা সত্ত্বেও যুব অবস্থায় তাঁর মৃত্যুতে আমরা অতান্ত মর্মবেদনা অন্ভব করিছ এবং সপ্তো সপ্তা, সবার সপ্তো এই বলে শ্রুম্বা নিবেদন করতে চাই, তিনি একজন বাল্ড্ঠ মান্ষ্ ছিলেন, আমবা তাঁকে হাবিয়েছি, আমাদের পার্টির তরফ থেকে এই কথা বলে আমরা তাঁর সন্তানস্ক্তির মঞ্চল কামনা করি। এই শোক প্রস্তাবের লিপি তাঁর শোকস্কৃত্বত পরিবারবর্গের নিকট পাঠিয়ে দেওয়া হোক।

#### Si. Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকাবমহাশয়, সকলে যে কথা বলেছেন এবং ডাঃ রায় যে কথা বলেছেন তাঁদের সকলের সংগ কণ্ঠ মিলিয়ে বন্ধাবের কৌশতভ কান্তি করণের অকালমৃত্যুতে গভীর শোক প্রকাশ করিছ। এই এসেম্ব্রীতে হয়তঃ তিনি নৃত্ন সভা। এই এসেম্ব্রীতে, তাঁর নিজের পার্টিতে তাঁর বস্কৃতা করবার একটা নিজ্স্ব ধাবা, একটা বৈশিন্টা ছিল। সেদিক থেকে তিনি আমাদের সকলের প্রিয় ছিলেন। কোন কোন বিষয়ে তাঁর সংগ মতভেদ থাকলেও তাঁর চরিত্র, তাঁর আচার আচবণ ও তাঁর কাজ আমাদের প্রভাবিত করেছে। এইরক্ম একজন উদীয়মান য্বকের অকাল মৃত্যুতে আমরা অতীব দুঃখিত। তাঁর এই অকাল মৃত্যুতে আমরা শোক প্রকাশ কর্বছি এবং তাঁর সকলেনস্ত্তিও ও শোকস্বত্ত পরিবারবর্গকে সম্বোদনা জ্ঞাপন কর্বছি।

Mr. Speaker: Ladies and gentlemen, let me associate myself with every word that has been said from all sections of the House on the sad and melancholy occasion. Inscrutable are the ways of Providence. Perhaps it is not known to many members what interest this young legislator took in the parliamentary affairs. Often he used to run to my chamber and ask for advice about giving him some books on a matter which was the subject-matter of discussion arising out of different Bills in the House. One evening he ran to my house to give him an idea as to what books he could immediately have on a particular point. The parliamentary seriousness, the parliamentary interest and the parliamentary studies that I saw in this young legislator gave every one hope for the future of our country. He used to take great interest in the deliberation of every Bill in the House. He was never slip-shod in any matter that was being discussed in the House. I had occasion to observe this from my personal contact with him. On this occasion it would be quite fitting for me to place on record some account of his short but precious life. He was elected from the Khejri Constituency in Contai in Midnapore in last General Election. He was the eldest son of the late Mahendra Nath Karan, a historian and writer of repute of Midnapore. From his early boyhood he was an intelligent and meritorious student and obtained scholarships in many of his examinations. He graduated from the Ripon College, Calcutta, and obtained his Degree of Law from the Calcutta University, and joined the Alipore Bar and was respected both by the Bar and the Bench. He made quite a good name there. He was closely associated with the political activities of Midnapore sinces his student life. He actively took part in the national movement in 1942 and had to go underground for a considerable period. A proclamation was issued against him and a reward of Rs. 5,000 was declared for his arrest. He was subsequently arrested and acquitted on trial. He was an aident follower of the Congress. During the 1942 movement the military seized and destroyed one thousand books of his personal library. When only a B.A. student he was elected President of the Khejiri Union Board. He was closely connected with many social and educational institutions of Midnapore. He was only 36 and he leaves behind two sons, two daughters, widowed mother, and a large number of friends and well-wishers to whom we all convey our deep condolence.

May I request you, ladies and gentlemen, to stand for a minute in silence to pay respect to his memory?

[Members then stood for a minute in silence.]

Thank you, ladies and gentlemen. Secretary will do the needful to convey the condolence message of the House to the bereaved family.

As a mark of respect to his memory I adjourn the House for the day. The House will sit tomorrow at 3 p.m.

#### Adjournment.

The House was accordingly adjourned at 3-12 p.m. till 3 p.m. on Tuesday, the 13th December, 1955, at the Assembly House, Calcutta

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 13th December, 1955, at 3 p.m.

#### Present:

Mr. Speaker (The Hon'ble Salla Kumar Mukherjer) in the Chair, 16 Hon'ble Ministers, 13 Deputy Ministers and 199 Members. [3—3-10 p.m.]

# STARRED QUESTIONS

(to which oral answers were given)

# Memorial for poet Hemchandra at his native village in Hooghly

- \*26. Dr. Saurendra Nath Saha: Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state.
  - ক) বাংলার বিখাতে কবি দ্বগণীয় হেমচন্দ্রের জন্মস্থান হ্গলী জেলার জঙ্গীপাড়া থানার গুলিটিয়া গ্রামে স্মৃতিরক্ষার জন। সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কিনা;
    - (খ) করিয়া থাকিলে, কির্প বাবস্থা অবলম্বন করা হইয়াছে এবং
    - (গ) না করিয়া থাকিলে, এই সম্পর্কে ব্যবস্থা অবলম্বনের কোনও সরকারী পরিকল্পনা আছে কিনা?

# Minister-in-charge of the Education Department (the Hon'ble Pannalal Bose):

- (क) না।
- (খ) এ প্রশ্ন ওঠে না।
- (গ) আপাততঃ সরকারের তেমন কোন পরিকল্পনা নাই।

#### Dr. Saurendra Nath Saha:

কবি হেমচন্দ্রের জন্মস্থান

#### The Hon'ble Pannalal Bose:

একটা জোরে বলনে।

#### Dr. Saurendra Nath Saha:

কবি হেমচন্দ্রের জন্মস্থান এখন শমশানে পরিণত হয়েছে। তার স্মৃতিরক্ষার বাবস্থার প্রশন আমি করেছিলাম কিন্তু প্রত্যেকটিতে না বলে উত্তর দিয়েছেন। মন্ত্রীমহাশয় জানাবেন কি অদ্যুর ভবিষাতে তাঁর জন্মস্থানে তাঁর স্মৃতিরক্ষার বাবস্থা করা হবে কিনা

#### Mr. Speaker:

উনি ত বলেছেন 'আপাততঃ সরকারের তেমন কোন পরিকল্পনা নাই'। অদ্র ভবিষাতে—এটা ভেরি ইনডেফিনিট এগ্রন্ড ভেগ প্রদান। ভেফিনিট ডেট একটা কিছু বলুন। How can be answer? That is not a proper supplementary. Supplementaries

How can be answer? That is not a proper supplementary. Supplementaries are not possible on that. It may mean 10 years or one hundred years.

#### Dr. Saurendra Nath Saha:

এক বছরের মধ্যে তাঁর জন্মন্থানে সম্তিরক্ষার বাবন্থা করা হবে কিনা মন্তীমহাশয় জানাবেন কি :

Mr. Speaker: His question is whether Government contemplates anything within one year?

#### The Hon'ble Pannalal Bose:

এমন কোন পরিকলপনা নেই। একটা কথা আমি বলতে চাই যে মেমোরিয়াল যেখানে হবে সেখানে একটা পারিক ভাজমেন্ট চাই।

Statue or a memorial means that it is necessary in the judgment of the public. পারিক যদি কিছুমান মুভ না করে তাহলে গভন মেন্টের পক্ষে কিছু করা মুন্দিকল হল।

È

#### 81. Biren Banerjee:

এটাই কি গভর মেনেটর নীতি? গভর মেনট কি এই নীতি নিধারণ করেছেন যে আমানের দ্বদেশপ্রাণ মহাপ্রেষ্, তাঁদের স্মৃতিরক্ষার জন্য পারিক যদি মৃভ না করেন, তাহলে গভর্ম মেন্ট কিছু করবেন না?

#### The Hon'ble Pannalal Bose:

না, এটা সাধারণ নীতি নয়। ধর্ন হেমবাব্র মত কবি আমি তাঁকে জানি, তাঁর কবিতা আমি পড়েছি। আপনাদের চেয়ে বরং আমার চের বেশী মুখম্থ আছে।

#### Si. Madan Mohan Saha:

আপনি যেটা বললেন সেটা কি কেবল কবি হেমচন্দ্রের ব্যাপারে বললেন, না সমস্ত মহা-কবিদের ব্যাপারেও বললেন?

#### The Hon'ble Pannalal Bose:

এডুকেশন ডিপার্টমেন্টের সাধারণ প্রোগ্রামের ভেতর কোন মেমোরিয়াল স্থিত করা বা স্থাপন করা নেই। তবে যদি কোন যায়গায় মেমোরিয়াল করবে বলে কোন ফাণ্ড উঠে তাহলে আমি ব্যক্তিগতভাবে বলতে পারি যে আমরা সাহায্য করতে পারি।

#### Dr. Hirendra Kumar Chatterjee:

তাহলে আপনি কি মনে করছেন যে কবি হেমচন্দ্রের প্রতি এই জিনিসটা করা অসাধারণ একটা পশন ?

Mr. Speaker: That is a matter of opinion. That is not a supplementary.

#### Burdwan Raj College

- \*27. Sj. Benoy Krishna Chowdhury: Will the Hon'ble Minister-incharge of the Education Department be pleased to state—
  - (a) whether the Government is aware that financial aid to the Burdwan Raj College from the Burdwan Raj Estate has been stopped;
  - (b) if so, whether Government consider the destrability of giving finacial assistance to the Burdwan Raj College;
  - (c) it it is a fact that the Government lays down certain conditions for such aid; and
  - (d) if so, what are those conditions?

#### The Hon'ble Pannala Bose: (a) Yes.

(b) to (d) The matter has been considered by Government. From next session, that is June, 1956, the College will be taken over by Government as a Sponsored College.

#### Sj. Subodh Choudhury:

আপনি বলেছেন যে জুন, ১৯৫৬, থেকে গভর্নমেন্ট নেবে। <mark>যথন থেকে মহারাজা এড বন্ধ</mark> করেছেন তথন থেকে জুন, ১৯৫৬এর আগে পর্যন্ত কোন এড দেওয়া হবে কিনা?

#### The Hon'ble Pannalal Bose:

বন্ধ করেছেন ১লা এপ্রিল, ১৯৫৫ থেকে। এ বছর কলেজের টাকা মহারাজার দেওয়া উচিত ছিল, সেটা গভর্নমেন্ট দেবেন।

#### Deficit grants to schools

- \*28 Sj. Janardan Sahu: Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—
  - (a) what is the practice of sending to aided schools grants in a year under the system of grant-in-aid for meeting the deficit;

- (b) whether such grants-in-aid are given month by month to the school; and
- (c) if not, whether Government consider the desirability of giving grants to schools on monthly basis?

The Hon'ble Pannalal Bose: (a) A copy of the Government Order No. 4512-Edn., dated the 15th September, 1951, is laid on the Labrary Table.

- (b) No.
- (c) No. Deficit grants can only be paid after the deficit is ascertained but the Board pays 50 per cent, by December and the balance upon due adjustment. Payment of monthly grants on deficit basis is not possible. Recently two instalments were paid, 50 per cent, in the middle of the year and 25 per cent, by the end of December against the possible deficit measured by the deficit of the past year.

#### Si. Janardan Sahu:

মাসে মাসে শিক্ষক মহাশয়দের টাকা দিতে হয় স্কুলকে। এখচ বাকি ঢাকাটা স্কুলগ্নির এমন কান টাকা থাকে না অধিবাংশই গবাব স্কুল যাতে নকি তারা ঢাকা দার করে দিতে পারেন। তাঁদের নিয়মিতভাবে যাতে টাকা দেভয়া যায়, এমন কোন পাবকল্পনা সরকারের আছে কিনা স

#### The Hon'ble Pannalal Bose:

ডিফিসিট গ্রান্ট মানে সমস্ত থরচ বাদ দিয়ে যেটা বাকি থাকে। সেটা বছর শেষ না হলে। ঠিক করা যায় না। ৭৫ পার্সেন্ট দেওয়া হয় ডেফিসিট নিধারণ না কবে পূর্ব বংসরের ডেফিসিট দেখে। এব বেশী কি করা যায় তা আমি জানি না।

#### Si. Janardan Sahu:

আমি অনা কথা বলছি। আমি বলছি মাসে মাসে টাকা দিতে হবে, স্কুলের টাক। নেই। এই টাকাটা মাসে মাসে দেবার কোন পবিকল্পনা আপনাবা কবছেন কিনা, যাতে স্কুলগ্নীল অস্বীব্যায় না পড়ে :

#### Mr Speaker:

উনি ভ<sup>্</sup>বলছেন, ভেফিসিট গ্রান্ট নানে ঘার্চাত গ্রান্ট। সে ডোফাসিটটা আ<mark>গে থাকতে</mark> জানা যায় না।

#### The Hon'ble Pannalal Bose:

শিক্ষকদের যদি মাইনা দিতে হয় তাহলে একটা বিজ্ঞাভ ফাণ্ড থাকা উচিত।

#### Sj. Cangapada Kuar:

মাননীয় মন্ত্ৰীমহাশয় জানেন কি যে সেকে-ডারী এড়কেসন বোডা এখনও পর্যাত্ত আনক স্কলে ৭৫ পার্সেন্ট গ্রান্ট দিতে পারেন নি

#### The Hon'ble Pannalal Bose:

না জানি না। দ্যাট ইজ নট পসিবল।

# Appointment of distributors for fertilizers in the State and fixation of prices thereof

- \*29. 8j. Dasarathi Tah: Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state-
  - (ক) পশ্চিমবর্গা সরকার পশ্চিম বাংলায় রাসায়নিক ও মিশ্রসার বিতরণের জন্য কোথায় কোথায় কোন এজেন্টকে নিযোগ কবিয়াছেন:
  - (খ) বিভিন্ন স্থানে কোন্প্রকার সারের ম্লা কত:
  - (গ) বর্ধমান জেলায় সরকারের কতজন এজেন্ট আছেন, এবং তাঁহাদের নাম কি এবং তাঁহার। কোন সার কত দরে বিক্লয় করিয়া থাকেন: এবং
  - (খ) মিশ্রসার কোন্ কোন্ দ্রব্য দিয়া তৈয়ারি এবং ঐ-সমস্ত দ্রব্যের মূল্যে কড ?

২৩৪,

590

۶٤,

২৫

₹0

>0

স্কুপার ফসফেট

শুক্ত ও চূর্ণস্লাজ

বোৰ্নামল

# Minister-in-charge of the Agriculture and Animal Husbandry Department (the Hon'ble Dr. Rafiuddin Ahmed):

(ক) হইতে (গ) এতংসহ	একটি বিবরণী	উপস্থাপিত কর	ग २३७।	
(ঘ) উপাদানের নাম।		অং	ংশ। ক্রম্লা	
			(প্রতি টন)।	
			টাকা।	
আমোনিয়াম সালফেট		8	৫ ৩১৫,	

Statement referred to in reply to clauses (\$\pi\$) to (\$\eta\$) of starred question No. 29

# বিভিন্ন এজেন্টদের নাম ও বিভিন্ন জেলার জন্য নিন্ধারিত বিক্রমাল্য-তালিকা

এজেন্টদের নাম।	বিভিন্ন সারের বিক্রমন্লঃ (প্রতি টন)।			
আ	্যামোঃ সালফেট।	স্কার ফসফেট।	মিশ্রসা <b>র</b> ।	
২৪-পরগণ	ণা জেলা			
(১) মেসার্স জারডিন হেণ্ডারসন লিঃ (কেবলমাত আলিপুর সদর মহকুমার জনা)।	©8¢,	२७४।	৩০৯৷	
(২) মেসার্স ইউনাইটেড সাপ্লায়ার্স	o8¢′	<b>২</b> 80,	२४१।	
(৩) মেসার্স শ'ওয়ালেশ এন্ড কোং লিঃ .	o8¢′	२७४। ∙	००%।	
হাওড়া ও হ	গলী জেলা			
(১) মেসার্স হ্রলী ডিড্টিক্ট এগ্রিকালচারাল এসোসিয়েসন।	084,		৩০৯৷	
(২) মেসার্স শ' ওয়ালেশ এণ্ড কোং লিঃ	<b>0</b> 8¢,	<b>₹</b> ₫₽1.	००%।	
(৩) মেসার্স জারডিন হেশ্ডারসন লিঃ (কেবলমাত শ্রীরামপুর মহকুমার জন্য)।	<b>0</b> 8 <b>¢</b> ,	<b>२</b> ७४। ·	৩০৯৷	
ব্ধমান	জেলা			
(১) মেসার্স বর্ধমান ডিম্মিক্ট সেন্টাল কো-অপারেটিভ মালটি-পারপাস সোসাইটি লিঃ।	<b>0</b> 84,	₹8७1.	<b>२</b> ৯१।	
(২) মেসার্স শ' ওয়ালেশ এণ্ড কোং লিঃ	o8¢,	<b>२</b> ७४।∙	৩০৯৷	
(৩) মেসার্স জার্রাডন হেন্ডারসন লিঃ (কেবলমাত্র কাটোয়া মহকুমার জন্য)।	o8¢′	5¢ RI ·	००५।	
<b>বাঁকু</b> ড়া	<u>জেলা</u>			
(১) মেসার্স সিউবক্স সত্যনারারণ	   08¢	<b>২</b> ৪०।J.	<b>ર</b> ৯ ર મ <i>હ</i>	
(২) মেসার্স শ' ওয়ালেশ এণ্ড কোং লিঃ	084	<b>२</b> ७४।∙	৩০৯৷	
<b>ज</b> न्माना	জেলা			
মেসার্স শ' ওয়ালেশ এণ্ড কোং লিঃ	 08¢,	<b>≼</b> ७₽।∙	۰۱۵٥٥	

[3-10-3-20 p.m.]

#### Si. Dasarathi Tah:

এই মিশ্রসার সদবন্ধে যে কথা তিনি বলেছেন মেসাস' বধ'মান ডিণ্ডিস্ট সেম্টাল কো-অপারেটিড মালটিপারপাস সোসাইটি লিমিটেড এবং মেসাস' শ' ওয়ালেশ কোম্পানী—এই সম্পর্কে মন্দ্রীন মহাশয় কি অবগত আছেন যে তার সংকামতে মিশ্রসার সেম্টাল কো-অপারেটিভ দশ টাকা পনের আনা এবং শ' ওয়ালেশ কোম্পানী এগার টাকা ছয় আনা দরে বিক্রী করছে—এই দরের তারতম্য করার কারণ কি?

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

সার বিতরণের ব্যাপারে টেল্ডার কল করা হয়েছে যখন যেটা লোয়েষ্ট টেল্ডার পেয়েছি সেটাই দেওয়া হয়েছে।

#### Sj. Dasarathi Tah:

চাষীরা যারা সার কিনবে যাদের সার সাংলাই করাই সরকারের উদ্দেশ্য —তাদের একই সার দুই রকম দামে কেনা উচিত নয়। শ' ওয়ালোশ কোম্পানীও যাতে সেম্মাল কো-অপারেটিভ-এর সমান দরে বিক্রী করতে বাধ্য হয় সে বুক্ত ব্যবুস্থ: সুবুকার করবেন কিনা?

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

এটা আপনারা সকলেই জানেন যেখানে তারা সহতা পাবে সেথানেই তারা কিনবে যদি সে জিনিষ ভাল হয়। কাজেই কম্পিটিশন যেখানে বয়েছে সেথানে যে জিম্মিবিটর চাষীদের স্বিধাদর দেবে সেথানেই তারা যাবে।

#### Si. Dasarathi Tah:

গোডাউন বিভিন্ন জায়গায় আছে, এখন সেন্টাল মাল্টিপারপাস সোসাইটির গোডাউন আছে ধরুন আসানসোলে আর শ' ওয়ালেসএর ক্যালকাটায়, ভাহলে কম্পিটিশন কি করে হবে?

Mr. Speaker: That is hypothetical.

#### Si. Dasarathi Tab:

মাননীয় মন্ত্রীমহাশয় কি দয়া করে এটা আমাদের জানাবেন যে এই সার শ' ওয়াপেশএর আর একটা আছে সেই যে মিঞ্জার সেটা 'তারা মার্ক'।' কিংতু তারা এই বলে প্রচার করছে যে ভাদের যে সার এগার টাকা ছয় আনা দরে বিক্রী হচ্ছে এবং বাজারে যেটা দশ টাকা পনের আনা বিরে বিক্রী হচ্ছে তার তলনায় সেই সার অনেক ভাল—সেটাই সর্বপ্রেণ্ঠ?

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

'তারা মার্কা' আমাদের মধ্যে নাই, গভন'মেণ্ট থেকে বায়োকেমি**স্ট যে ফর্ম'্লা** দেয় সেই অনুসারেই মেশান হয়। তারপর সেটা সার্টিফাই করা হয়।

#### 8j. Dasarathi Tah:

'তারা মার্কা' সার গভর্নমেন্ট যে সার দেয় তার চেয়ে ভাল এর্প প্রচার করলে মুক্লির ব্যাপার, সেজনা এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। একথা কি সত্য আমাদের বাংলা মাটিতে নানা প্রকার খোল আছে সেটাই ভাল সার?

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

হতে পারে। আমি কোন এক্সপার্ট নই, যারা এক্সপার্ট তারাই দ্পির করেছেন এটা সবচেয়ে ভাল সার—আমি নিভের মতামত দিতে পারি না।

#### 8j. Dasarathi Tah:

থোল সম্বন্ধে এমন কোন মতামত প্রকাশ করেছেন কিনা?

Mr. Speaker: Chemical contents are not the subject matter of this question.

#### Dr. Kanailal Bhattacharva:

এই যে 'তারা মার্কা' সার যা শ' ওয়ালেস বিক্রী করছে তারা যথন প্রচার করছে যে এই সার গভর্নমেন্টএর সারের চেয়ে বেটার, তখন তাদের এজেন্সী কন্টিনিউ করার কারণ কি?

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

কে কোন জিনিষ বলছে সেটা জানবার কারণ নাই।

#### Dr. Kanailal Bhattacharya:

এই যে কমপ্লেণ্ট যে তাদের জিনিষ প্সে করছে গভর্নমেণ্ট জিনিসকে খারাপ বলে, এ বিষয়ে আপনারা কি করছেন?

#### The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

এ রকম কোন কমপ্লেন্ট আমরা পাইনি।

#### Sj. Biren Banerjee:

সারের দামের যে তারতমা তাকি কোয়ালিটির তারতমাের দর্ন?

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

কোয়ালিটির তারতমা নয়। দামের তারতমা হয়েছে এজনা লোয়েণ্ট টেন্ডার যারা যেমন শিয়েছে।

#### Sj. Biren Banerjee:

থেহেতু (ক) ও (খ) দুই জনের গোডাউনই সার পাচ্ছে, একজন কম দামে, আর একজন বেশী দামে, সার যখন একই রকম তখন একটা ভাল আর একটা খারাপ এটা দেখেছেন কিনা? নইলে দাম এক হবে না কেন?

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

না ভাল খারাপ কিছু নয়।

#### 3i. Biren Banerjee:

ভাল থারাপ যখন নয় গভর্নমেন্ট চান যে চাষীরা সার দিয়ে ফসল বেশী উৎপাদন কর্ক সেক্ষেত্রে দাম এক হবে না কেন?

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

দাম এজনা হয় না, দৃইজন কন্টাক্টর (ক) এক রেট দিচ্ছে. (খ) এক রেট দিচ্ছে। যেটা সবচেরে কম সেটাই নিয়েছি অন্য লোক বেশী দিয়ে থাকে তাই বেশী হচ্ছে।

#### Dr. Kanailal Bhattacharya:

বেশীটাও গ্রহণ করেছেন কমর্টাও গ্রহণ করেছেন তার জন্য চাষীরা ক্ষতিগ্রহত হবে কেন, এ সম্পর্কে গ্রন্তনামন্ট কি করবেন?

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

চাষীদের লাভ হচ্ছে তারা ক্ষতিগ্রস্ত হয় না।

#### Si. Biren Banerjee:

টাকা বেশী দিয়েও তারা লাভ করছে এর কি গ্যারান্টি আছে?

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

চাষাদের এতে ক্ষতি হয় না।

#### Si. Biren Banerjee:

বেশী দাম দিয়ে সার কেনাব দর্ণ জমিতে যে ফলন হচ্ছে তাব গড়পড়তা দাম বেশী পড়ছে, তাতে লাভ হচ্ছে কি করে?

#### The Hon'ble Dr. Rafiuddin Ahmed;

প্রবেহি বলেছি চাষীর যেখানে স্বিধা হবে সেখানেই কিনবে।

#### Sj. Biren Banerjee:

এই দামের সমতা করবার কোন প্রচেষ্টা গভর মেন্টএর আছে কি?

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

সে বিষয়ে বিবেচনা করছি।

#### Sj. Dasarathi Tah:

ক্রমোল। যেখানে মণপ্রতি সাড়ে ছয় টাকা পড়ে সেখানে এগার টাকা ছয় আনা ও দশ টাকা পনেব আনা বেটএ বিক্রী করে অসম্ভব লাভ এজেন্টরা করছে। এ সম্বন্ধে সরকার বিবেচনা করবেন কি :

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

এটা সকলেই জানেন—এক জায়গা থেকে আর এক জায়গায় নিতে হলে ট্রান্সপোর্টেশন চার্জ আছে, লোকের মাইনে প্রভৃতি আছে, গোডাউন চার্জ আছে। সেজন্য দাম বেড়ে যায়।

#### Si. Pravash Chandra Roy:

মাননীয় মক্রীমহাশয় বলবেন কি যে টেল্ডার যারা কম দেয় তাদেরকেই যথন অর্ডার দিয়ে থাকেন
—তথ্য ২নংএ সংপার ফসফেট ২৪০০ টাকা মোসার্স ইউনাইটেড সাংলায়াসারা যেখানে দিচ্ছে
সেখানে শ' ওয়ালেশকে ২৫৮া০ আনা এই রেট বেশী সত্তেও তাদেরকে কেন অর্ডার দিচ্ছেন
বলবেন কি ?

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

এটা ব্রিয়ের দিচ্ছি ইউনাইটেড ষ্টেডার্স লিমিটেড, সার্বাডিভিসনএ পড়েছে, শ' ওয়ালেশ যে কোন জারগায় দিতে পারবে। অনেক জারগা আছে যেথানে ইউনাইটেড ষ্টেডারস সাংলাই করতে পারে না। সেজনা তাদের দেওয়া হয়েছে।

#### Si. Pravash Chandra Roy:

বিভিন্ন মহকুমা হিসাবে বিভিন্ন রেট দেওয়া উচিত ছিল কিনা?

Mr. Speaker: That is a matter of opinion.

#### 8j. Pravash Chandra Roy:

সেভাবে দেবেন কি?

Mr. Speaker: That is a request for action.

#### 8j. Dasarathi Tah:

এই সার সম্বন্ধে আমরা খ্ব ইন্টারেন্টেড [হাস্য]। মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি এই মিশ্রসার কৃষকদের ধারে বিক্রয় করা হয় কিনা?

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

ধারে বিক্র করা হয়।

#### 8j. Dasarathi Tah:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে হাতীও ধারে বিক্রয় করা হয়?

Mr. Speaker: That is an ironical question. That question does not arise.

#### Dr. Hirendra Kumar Chatteriee:

এই 'তারা মার্কা' সার সবচেয়ে ভাল সার এই প্রচার যদি সতা হয়---

Mr. Speaker: That is a hypothetical question.

#### Dr. Hirendra Kumar Chatterjee:

এই প্রচার সত্য কিনা অনুসন্ধান করবেন কিনা----

Mr. Speaker: That is a hypothetical question.

#### Dr. Kanailal Bhattacharya:

এই সার সম্বন্ধে আমি একটি প্রশ্ন দিয়েছিলাম, তার জবাব কবে দেবেন?

Mr. Speaker: That question does not arise here.

#### Si. Pravash Chandra Rov:

বিভিন্ন জমিতে বিভিন্ন সার দিলে ফলন ভাল হয়। এখন এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট থেকে কোন জমিতে কি সার দিলে ফলন কির্প ভাল হয় সে সম্বন্ধে কৃষকদের নির্দেশ দিয়ে থাকেন কিনা?

Mr. Speaker: That question does not arise out of this. It is a mere question on appointment of contractors.

#### 8j. Ambica Chakraborty:

এই সমস্ত টেল্ডার ফাইনালি স্যাংশন করবার অর্থারটি কে?

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

টেন্ডার কমিটি আছে, টেন্ডার কমিটিতে পাশ হলে আমরা এ্যাকসেপ্ট করি।

#### 81. Ambica Chakraborty:

কে কে আছেন দয়া করে বলবেন কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: Secretary of the department, Director of Agriculture, Bio-chemist and Principal, Agricultural College, এবকম বিশেষজ্ঞরা আছেন।

[3-20-3-30 p.m.]

#### Si. Monoranjan Hazra:

मं उशारमण काम्भानीत मर्ल्य मतकारतत कान वरिष्ठोशाता वावन्था আছে नािक?

Mr. Speaker: That question does not arise.

#### 8i. Pravash Chandra Roy:

বিলাতী কম্পানিগ্লিকে ভবিষাতে যাতে এজেম্সি দেওয়া না হয় তার ব্যবস্থা কর্বেন কি? তাদের বেটু যা তা তো বেশী।

Mr. Speaker: That question does not arise.

#### Si. Sudhir Chandra Das:

অপনার তালিকাতে দেখতে পাচ্ছি শ' ওয়ালেশ কোম্পানীকৈ সমস্ত জেলাতে এজেন্ট নিয**্ত** করা হয়েছে। আমার প্রশ্ন ২চ্ছে এই শ' ওয়ালেশ প্রতি নণ্ট করে অন্যান্য আমাদের দেশে যেসব সমবায় সমিতি আছে তাদের উৎসাহিত করবার কোন পরিকল্পনা আপনাদের আছে কি

Mr. Speaker: That question does not arise. It is a case of open and lowest tender. This question has been answered several times

#### 8j. Sudhir Chandra Das:

শ' ওয়ালেশ কোম্পানী ছাড়া আর টেন্ডার কেউ দিয়েছিল কি

Mr. Speaker: He has said that the lowest tender will be accepted several times.

# Financial assistance from Covernment to Municipalities and Union Boards in Midnapore district

\*30. Sj. Amulya Charan Dal: Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state...

১৯৪৮ সাল হইতে ১৯৫৫ সাল পর্যন্ত মেদিনীপ্র জেলার কোন্ কোন্ ইউনিয়ন বোজ এবং কোন্ বোন্ মিউনিসিপ্যালিটি কোন্ কোন্ বংসর কত টাকা সরকারী সাহায্য পাইয়াছে গ

# Minister-in-charge of the Local Self-Covernment Department (the Hon'ble Iswar Das Jalan):

একটি বিবরণা এতংসহ উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to starred question No. 30

	,
	1
	ইং ১৯৪৮ সাল হইতে ১৯৫৫ সাল পর্যন্ত মেদিনীপুর কোনার মিউনিসিপালিটি ও ইউনিয়ন বোর্ডদিগুরে প্রচন্ত মহন্তন্ত্রী মুক্ত্র্যান জন্ম
_	SIT & COLD
10 .0 VI	(a) Ch
d daestro)	<b>के</b> डिनरन
2/15/0	TENTE S
6.401 111	प्रदेशिभि
	কেলার মি
with the state of the state of destion 100. 30	(मिनिनीशृद
2	9/42
	३५५ मह
	१ क्राइट
	7 MG :
	18 c > 36

मिडेनित्रिभगामि			<u>x</u>	<u>₹</u>			-	
बायकोतनजुब सक्तांजुब साठान कोडपाहे उम्बुक सफिनोजुब साछात	0/1642,0 0/1642,0 	07.200.0 07.200.0 07.200.0 07.400.0 07.	0950 2,888M/0  0,740=1,90 0,5,	\$\\ \begin{align*} \( \alpha \\ \\ \\ \\ \\ \\ \\ \\ \\ \\ \\ \\ \\	28.660	3863 8,208M/O  \$4,6884/O 5,328M/O 6,320/O  66,320/O 	\$\$\$\$ \$	20066 0/086P 0/086,C 0/0845,C 0/0845,C5 0/08459,C5 0/08459,C5 0/08459,C5 0/08459,C5
Jail	02,033112/0	93,5550150 B3,25R5R	50,25ava	DC#848.04	०८॥१८४५० ०८/०॥१८४००	0 <b>&lt;\n</b> \84,PP	D/Meer'49	D/11845,84
ইউনিয়ন বোর্ড চন্দ্র ইউনিয়ন বোর্ড নং ২ সেন্দ্রীরন্ধন বোর্ড নং ২	કે	:	÷	:	:	:	9800	080
(त्नावनायुक्त थाना)। शोद्रकाष्टा हेर्डिनग्रम (दार्ख नः ५ (मानवनी थाना)।	:	:	:	900	:	:	380	:
ইউনিয়ন বেডি নং৭ (চন্দ্রকোনাথানা)।	:	:	:	OOĐ	3,500	:	380	ଠାାଜ8 ୭
हेडेनियन (दार्ड नः 8 (मामपूर पाना)।	:	:	:	:	300	:	:	:
ৰোয়াপাড়া নারারণগড় <b>থানা।</b>	:	:	:	;	S Š	:	:	:

315	<,000	(0,000)	8,600	:	(S)	:	:	:	116
1	:	:	:	÷	£ (%)			:	ইউনিয়ন বোর্ড কর্মণ্ড
				:		:		:	শ ক্যাপুর
	٠٠.	 	8,ñoð, 8 	: :	:	:	:	:	मिड्निमिथा।'लिडि बाहाब
ERS					স্বকৃতি: ঝণ	×			
.nsw 	× AiAix	5,540	:	7.580%	007			ξ,	(ut)
A (									(6 mg ( 5 m, 4 m) )
AND	ભારુ ૧, કહરમાં	:	:	:	:	:		:	লং ৭ (কেলপুন প্লেন)। ভাউনিল্ল (বাডি নং ৪
ONS	280	:	:	:	:	:	;	:	(बाउँ।ल भारा)। সাহসপুর ইউ[নষন বোর্ড
TI				•	:	:		:	हेडीनकन (वार्ड नः २
ES	:	. (e)	: :	•	:	:	:	:	নহাপুণ (নাবায়ণ্গড় পানা)
U.	000	2000	:	,	:	;	•	:	কাকাবাব। (গড়গাপুৰ ধানা)
Ç	840	860	:	;	:				। (स्मा)
	\$\$0\	\00°	:	:	:	:	:	•	থানা)। জায়নাগোড় (গড়নেতা
			:		:	:	:	:	গোষানভোড় (গড়বেটা
	५४०	6	; ;	•		:	:	:	সাক্রপ্র (দেবরা থানা)
	५७०४	१६९	:						नः (त्मवद्या व्यामा)।
<b>9</b> 55. ]	<b>6</b>	<b>S</b>	:	:		:	:	:	(मवता हेडीमझम (वार्ड

#### 8j. Kanai Lal Bhowmick:

কি কি ভিত্তিতে এই ইউনিয়ন বোর্ড এবং মিউনিসিপালিটিকে সাহায্য দেন?

The Hon'ble Iswar Das Jalan: The major portion of the grants is in the shape of dearness allowance—portion of dearness allowance—and some portion is given from time to time out of the motor vehicles tax.

#### 81. Kanai Lal Bhowmick:

এই যে ইউনিয়ন বোর্ড চৌকিদার বেতন বৃষ্ধির ব্যাপারে সরকারের কাছে সাহায্য চেয়ে কোন প্রস্তাব এসেছে কি ?

Mr. Speaker: That question does not arise out of it.

#### 8], Kanai Lal Bhowmick:

উনি বলেছেন ডিয়ার্নেস এ্যালাউন্সএর জন্য---

Mr. Speaker: Dearness allowance has got nothing to do with the scale of wages. That question does not arise.

#### 8]. Kanai Lal Bhowmick:

মেদিনীপরে জেলায় প্রায় ৪০০ ইউনিয়ন বোর্ড এর মধ্যে মাত্র এই কটিকে কেন দেওয়া হল?

The Hon'ble Iswar Das Jalan: I ask for notice to answer as to why a particular union board has not been considered.

#### 8]. Mrigendra Bhattacharlya:

ইউনিয়ন বোর্ড থেকে অতি সামান্য আয় ছিল, চোকিদারদের একটা মেজর আয় ছিল যে সমস্ত জমি তাদের ছিল তা থেকে। কিন্তু এস্টেট্স্ আকুইজিশন এটা প্রসাম হবার পর সেসব সম্পত্তি গভনমিনেটের কাছে গিয়েছে। এখন গভনমিনট টাকা না দিলে তাদের অস্ববিধা হচ্ছে না কি?

Mr. Speaker: That question does not arise. It is a simple question about the amount of grant.

#### Si. Cangapada Kuar:

আপুনি বললেন ডিয়ানেস এলাউন্স দেওয়া হয়। ইউনিয়ন বোর্ড এর তাদেরকে দেওয়া হয়?

The Hon'ble Iswar Das Jalan: I understand that a certain amount is given for the salary of the Chaukidars.

# Part-time Court of Subordinate Judge and Assistant Sessions Judge in West Dinajpur

- \*31. Sj. Biren Banerjee: Will the Hon'ble Minister-in-charge of the Judicial Department be pleased to state—
  - (a) if there has been a part-time Court of the Subordinate Judge and Assistant Sessions Judge in West Dinappur since January, 1948;
  - (b) if so, the number of days in each year since 1948 the Court sat in West Dinapur;
  - (c) if it is a fact that the people of West Dinajpur have made repeated representations to the State Government for establishment of a permanent ♥ourt of Subordinate Judge in West Dinajpur since 1948; and
  - (d) if so, what action, it any, has been taken on these representations of the people of West Dinajpur?

# Minister-in-charge of the Judicial Department (the Hon'ble Satyendra Kumar Basu): (a) Yes.

(b) Year.			Days.
1948		 	28
1949		 •••	40
1950		 •••	48
1951		 	63
1952		 	81
1953		 	75
1954		 	66
1955 (up to S	September)	 	44

- (c) A few representations were received from certain people.
- (d) Government have already sanctioned the creation of a temporary Court of Subordinate Judge at Balurghat. An officer will be posted to the Court as soon as suitable residential accommodation can be arranged for him.

#### 8j. Biren Banerjee:

আপনি (বি)তে যে উত্তর দিয়েছেন সে প্রসংগ্য জ্ঞানাবেন কি সেখানে পেশ্ডিং কেসেস কতগ**্নিল** বয়েছে <sup>২</sup>

The Hon'ble Satyendra Kumar Basu: I must have notice.

#### Sj. Biren Banerjee:

(সি)তে উত্তরে বলেছেন -

্ত lew representations were received from certain people - ্ত এর সংখ্যাটা মুটামুটি কত ?

#### The Hon'ble Satyendra Kumar Basu:

আমি যতদ্ব জানি পাঁচটি রিপ্রেভেন্টেশনস পেয়েছি মেনলি ফুম ল'ইয়াস'।

#### Si. Biren Baneriee:

(ডি)তে উত্তর দিয়েছেন যে বাল্বঘাটেএ একটি টেন্সোবারি সাবডি'নেট জজ কোট কর**বার** অভার হযেছে। এই সাজেশন করে হয়েছে?

#### The Hon'ble Satvendra Kumar Basu:

সাাধ্বশন হয়েছে ১৯৫১ সালে।

#### Sj. Biren Banerjee: What month?

#### The Hon'ble Satyendra Kumar Basu:

ডিসেম্বর মাসে।

#### Sj. Biren Banerjee:

এটা করে হরে?

The Hon'ble Satyendra Kumar Basu: As soon as we get accommodation for the residence of the Subordinate Judge, the Subordinate Judge will be posted there. We expect to get it about March next year

#### UNSTARRED OUESTIONS

(answers to which were laid on the table)

#### Free supply of copies of Acts to the Bar Libraries

23. Sj. Proboth Dutt: Will the Hon-ble Munister-in-charge of the Judicial Department be pleased to state whether the State Government have any scheme for tree supply of the copies of Bengal and West Bengal Acts to the Bar Libraries of districts and subdivisions of districts?

Minister-in-charge of the Judicial Department (the Hon'ble Satyendra Kumar Basu): No.

#### 8j. Probodh Dutt:

विके य 'त्ना' व्यान्नात वलाइन वत्र कात्रम कि वलाउ भारतन?

The Hon'ble Satyendra Kumar Basu: All Acts are published in the official pazette. Bar Libraries and Associations of lawyers are expected to buy official gazette. It will involve Government a huge expenditure if free copies are to be supplied.

#### 8j. Probodh Dutt:

এই ঘন ঘন এরমেন্ডমেন্ট দেওয়ার জন্য এই এর্যক্টএর ফ্রি সাংলাই দেওয়ার দরকার মনে করেন কিনা?

#### The Hon'ble Satvendra Kumar Basu:

না, মনে করি না।

#### Veterinary Centres in Midnapore district

- 24. 8j. Kanai Lal Bhowmick: Will the Hon'ble Minister-in-charge of the Animal Husbandry Department be pleased to state—
  - (ক) মেদিনীপরে জেলায় আজ পর্যন্ত কর্য়টি পশ্রচিকিংসা কেন্দ্র খোলা হইয়াছে;
  - (খ) কেন্দ্রগর্বির নাম কি ও কোথায় প্রতিষ্ঠিত:
  - (গ) কোন্ কোন্ কেন্দ্রে কতজন ডাক্তার ও এসিস্টান্ট আছেন: এবং
  - (ঘ) পশ্রচিকিৎসার জনা এই জেলায় কতগুলি মোবাইল ইউনিট আছে?

# Minister-in-charge of the Agriculture and Animal Husbandry Department (the Hon'ble Dr. Rafiuddin Ahmed):

- (क) ५५ि।
- (খ) ও (গ) একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত কবা হইল।
- (ঘ) বহ'মানে একটিও নাই।

Statement referred to in reply to clauses  $(\pi)$  and  $(\pi)$  of unstarred question No. 24

	কেন্দ্ৰ 'লব	নাম ও ে	য কানে		ú	্কাবের	نا ي	भ हो। लेख
	·21 ·	唐 1			:	भ•भाः ।		म•न्माः
(5)	ः निनीभूतः	শ্বলিধান	(Stationary)	( ক	₩	•	: (ক'	म्ब्रा <u>क</u> ्छ (२)
(:,)	व विक्र	٠,	••	,,		•	>	**
(:)	ক ্' প	٠,		٠,		5	5	**
(s)	ম[দনাপুৰ উ	व्याप्तान्।	(Itinerant)	,,		>	: (কি	क बामभ्देशके)
(4)	• সাধ্যক	,,	,,	٠,		5	ξ,	,,
(৬)	কা। প	,,	**	,,		>	<b>.</b>	,,
(٩)	आफ भाग	,,	٠,	٠,		5	;	,,
(b)	ঘাটাল	,,	,,	,,		>	ξ,	,,
(%)	গভ্ৰেন্ড)	,,	,,	,,		>	•	**
(50)	ণীরপাই	,,	••	,,		>	•	,,
(55)	থ <b>ড়গপু</b> ব		,,	,,		>	•	,,
(><)	এগ্রা	,,	,,	,,		5	÷.	,,
(১৩)	<b>ना</b> डन	٠,	,,	,,		>	÷.	,,
(86)	বালীচক্	,,	,,	,,		>	ą.	**
(50)	মহিধাদণ	,,	,,	,,		>	<b>૨</b>	,,
(১৬)	নরঘাট	,,	,,	,,		>	ą.	,,
(>9)	<b>হেরিষা</b>	,,	,,	,,		>	3	"
(24)	কুক্বাপুণী	٠,	• ,,	,,		5	٠.	,,
(65)	সমাজ-উলম্ব	প্ৰিক্ল	_	I S	tta			
	ভেটারিনারী	(ভস্পেন	দারী (Outdo	or)		>	۹	,,

#### Si. Gangapada Kuar:

মাননীয় মূল্যীমহাশয় জানাবেন কি প্রত্যেক থানায় একটি করে দ্রামামান পশ্রচিকিংসালয় করবার কোন পরিকল্পনা আছে কিনা?

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

প্রতি আডাই থানা হিসাবে একটি করে ইটিনাবান্ট—দ্রামমোন পশ্রচিকিংসালয় আছে। আ**গামী** পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রত্যেক থানার জন্য একটি করে করবার চেণ্টা করা হবে।

### Si. Saroi Rov:

আপুনি যে (২)নংএ স্টেটমেন্ট দিয়েছেন ভাতে (৯)নংএতে আছে যে ঘাটাল এলাকায় একজন णासाद मारेकन फिल्फ वार्गिरम्पेन्छे आर्छन। वर्षे वलाकार्ट करो रेक्टेनियन आ**र्छ** काना**रवन** कि ?

### Mr. Speaker:

ডিটেলসএর উপর কোয়েশ্চেন হয় না।

#### Si. Saroj Roy:

কোন কোন এলাকা যদি খবে বড হয় যদি গ্রের মড়ক বেশী হয়

Mr. Speaker: That is a hypothetical quesiton depending on many things.

### Si. Saroi Roy:

কোন এলাকা বভ হলে এবং গো-মড়ক বেশা হলে --

#### Mr. Speaker: That is a hypothetical question

Si Mrigendra Bhattachariya:

মাননীয় মন্ত্ৰীমহাশ্য জানেন কি যে ঘাটাল মংকুমাৰ পশ্লীচাকংসকদেৰ মাত দাই পাউন্ড ওয়াধ সরব্বাই কবা ইয়েছে ই

# Mr. Speaker:

আপনি তো তাহলে জানেন। You know that

# Sj. Biren Baneriee:

(घ)তে জবাৰ দিয়েছেন বৰ্তমানে এৰ্ডিও নেই। মোলইল ইউনিও এৰ্ডিও নেই কিই

# The Hon'ble Dr. Raffuddin Ahmed:

একটিও নেই। প্রশ্ন ছিল মোবাইল সম্বর্ণে। বিশ্ব মোবাইল খাব ইচিনাবণ্ট এক জিনিষ ন্ত্র। মোরাইল ইউনিউ এক ভায়গা গেরে আর এক সেমগাম ঘরে বেডাম। কিংও ইডিনারা**ন্ট** একটি জায়গায় থাকে এবং আডাইটি থানা নিয়ে কাজ করে।

Si. Biren Banerjee: এই যে প্রশ্রচিকিৎসা ব্যৱস্থা আছে এব কোন বংসাবিক, ট্রেমাসিক বা মাসিক ই আদি বিপোর্ট আপনাব কাছে আসে?

## The Hon'ble Dr. Raffuddin Ahmed:

আমাদের তৈমাসিক রিপোট বেব হয় "ওয়েটে বেশাল ইয়িকলিতে"। বাংসরিক রিপোট লাইব্রারিতে পাবেন। ভেটারিনারী ডিপার্টমেণ্ট থেকেও রিপোর্ট পাওয়া যায়।

## Si. Biren Banerjee:

এই যে রিপোর্টগর্নি আসে এগর্নি আপনার ডাইরেকটরেট থেকে স্কর্টিনি করা হয় কি কতটা প্রগ্রেস কোথায় হল ইত্যাদি ব্রুথবার জনো?

## The Hon'ble Dr. Raffuddin Ahmed:

নিশ্চয়ই দেখা হয়।

## 8j. Biren Baneriee:

এই রিপোর্ট ক্ষর্টিনির রেজাল্টএ এরকম র্যাদ মনে হয় বে---

Mr. Speaker: That is a hypothetical question. It is a simple question about veterinary centres in Midnapore district. You are now putting a hypothetical question.

[3-30-3-40 p.m.]

Sj. Biren Banerjee:

র্মোদনীপুর জেলায় আপনার কি জানা আছে যে পশ্রিচিকিংসার ব্যাপারটা খ্ব এলোমেলো ভাবে হচ্ছে?

Mr. Speaker: What is meant by that?

8j. Biren Banerjee:

এ কথা কি সত্য যে মেদিনীপরে জেলায় পশ্রিচিকিংসার যে ব্যবস্থা আছে সেটা অপ্রচুর— ইনসাফিসিয়েন্ট?

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

আমি এটা নিশ্চর জানি যে আমাদের যেরকম ভেটারিনারী এড দেওরা উচিত, ততটা আমরা দিতে পারছি না, তবে সরকার থেকে সর্বদাই চেণ্টা করা হচ্ছে নতুন নতুন কেন্দ্রে হাসপাতাল স্থাপন করা। ধর্ন মেদিনীপ্র জেলার তমল্ক ও কণ্টাইয়ে নতুন হাসপাতাল করা হয়েছে; এই রকম সর্বদা চেণ্টা হচ্ছে, সর্বদা উন্নতি করবার জনা।

#### Sj. Biren Banerjee:

এটা কি সতা যে অন্য এলাকার কম্প্যারিজনএ মেদিনীপরে এলাকায় কম আছে?

Mr. Speaker: No comparison with other districts should be made.

Sj. Mrigendra Bhattacharjya:

মাননীয় মশ্চীমহাশয় জানাবেন কি এপিডেমিক বোপে যে সমুহত গরু মারা যায় তার স্টাটিসটিয়া রাখবার কোন ব্যবস্থা আছে কিনা

Mr. Speaker: That question does not arise

Sj. Saroj Roy:

মন্ত্ৰীমহ।শয় জানাবেন কি কি রকম অণ্ডলে স্থায়ী হাসপাতাল এবং আউট-ডোর ডিসপেনসারী সরকার করেন :

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

লিণ্টে ত দেওয়াই আছে।

#### Sj. Saroj Roy:

কয়টি আছে এবং কয়টি কবতে হবে, সেই তথ্য জিজ্ঞাসা কর্নছ।

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

এখন আমবা প্রতোকটি সাবভিভিসনে একটা করে করেছি, আপনিও তালিকায় দেখতে পাবেন তমলকে, কাঁথি, মেদিনীপরে সদ্ব সব ভাষ্ণায় আমাদেব স্থায়ী হাসপাতাল বয়েছে।

#### Si. Saroi Rov:

সার্বার্ডাভসন ছাড়াও কোন মণ্ডলে গো-মডক বেশী থাকলে সেখানে করা হবে না

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

এখন করা হবে না, পরে হবে।

#### 8j. Balailal Das Mahapatra:

মফঃস্বলে কোন গো-চিকিৎসকুকে ফী দিতে হবে, এরকম কোন ব্যবস্থা আছে কি?

Mr. Speaker: That question does not arise.

8j. Balailal Das Mahapatra:

এই সমসত গো-চিকিংসক মহকুমার যে কোন অঞ্চলে যাবেন সেখানে বিনা ফীতে চিকিংসা 
চরবেন, এই রকম সরকারী নির্দেশি আছে কি?

Mr. Speaker: That question does not arise.

#### Rules for admission in Presidency College, Calcutta

- 25. 8j. Suboch Banerjee: Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state--
  - (a) what are the rules regarding the admission of students in the Presidency College, Calcutta, and conditions under which students are allowed to take up Honours Course in any subject; and
  - (b) whether Government consider the desirability of placing such rules, it any, on the Table of the House?

Minister-in-charge of the Education Department (the Hon'ble Pannalal Bose): (a) and (b) Copies of the relevant Government Orders No. 680-Edn., dated the 15th November, 1947. No. 4418-Edn., dated the 8th September, 1951, and No. 5648-Edn., dated the 28th June, 1955, and a copy of the Prospectus of the Presidency College are laid on the Labrary Table.

All students reading BA, and BSc, must read for an Honours Degree.

8j. Subodh Banerjee:

মাননীয় মল্টীমহাশয় বলবেন কি যে ১৯৫৫ সালে ইকন্মিকস্ অনাস্ত এবং ইংলিশ অনাস্ত যে সমস্ত ছাত্র ভার্ত করা হয়েছিল প্রোসডেন্সী কলেজত সেখানে যে সরকারী আইন আছে সেগ্রাল লখ্যন করা হয়েছে কিনা?

#### The Hon'ble Pannalal Bose:

ষে আইন আছে, সেগ্রিল এখানে লেখা আছে : এই আইন থেকে ডিপার্ট করেছে এই রক্ষ কোন কেস যদি দেখাতে পারেন, ভাহলে ভেরি সিরিয়স নোটিস উায়ল বি টেকেন।

#### Dr. Hirendra Kumar Chatterjee:

এখানে প্রশ্ন ছিল--

- (a) what are the rules regarding the admission of students in the President College, Calcutta, and conditions under which students are allowed to take up Honours Course in any subject; and
- (b) whether Government consider the desirability of placing such rules, it any, on the Table of the House?

In answer to (a) the Hon'ble Minister says, "all students reading B.A. and B.Sc. must read for an Honours Degree.

এখানে কি. প্রেসিডেন্সী কলেজএ তাহলে পাস কোস্থি কেউ ভতি হয় না

#### The Hon'ble Pannalal Bose:

শন্নন র্লসএ আছে বিয়েলি এ সিমপল কোমেনেন, শ্রিষ্টাল এটাকডিং ট্রামেরিট নেওয়া হয়, তবে কিছা এক্সেপন আছে, এবং সেটা র্লসএ লেখা আছে -থারা বি. এ. পড়বে তাদের অনাস্থানিতে হবে, আর ফার্ল্ট ডিভিসন ছাড়া নেওয়া হবে না. এই রকম নিয়ম আছে।

#### Si. Subodh Baneriee:

আপনি যেটা লেড ডাউন অন দি টেবল করেছেন, সেখানে দেখলাম প্রেসিডেন্সী কলেজএর কোন ছাত্রকে প্রেফারেন্স দেওয়া হয়েছে অনা এক কলেজের ছাত্র চেয়ে —যার সপো দ্বামার্কস তফাং। এই মার্কসিটা এগ্রিগেট মার্কসি, অর যে সাবজেইএ সে অনার্স নিতে চার সেই সাবজেইএ?

#### The Hon'ble Pannalal Bose:

কোন সাবজেক্টএর নয়, এটা টোটাল মার্কসএর। নিয়ম আছে যদি ২০ মার্কস কম থাকে এবং সে ঐ কলেজএর ছাত্র হয়, তাহলে তাকে নেওয়া হয় ; কিন্তু ফার্স্ট ডিভিসন হওয়া চাই।

#### 8i. Subodh Banerjee:

এ বছর ইকর্নানকসএ ২০ নশ্বর নয়, প্রায় ৪০ নশ্বর ডিফারেন্স হয়েছিল, এই রক্ম কোন ছান্তকে ভাতি করা হয়েছে কিনা, দেখবেন কি?

#### The Hon'ble Pannalal Bose:

আপান জানলে, তার নাম দেবেন আমি দেখবো।

#### Crants to District School Boards from 1950-51 to 1953-54

- 26. Sj. Amulya Charan Dal: Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—
  - (ক) ইং ১৯৫০, ১৯৫১, ১৯৫২, ১৯৫৩ সালে কোন্ জেলা স্কুলবোর্ডকে কত টাকা সরকারী সাহায্য দেওয়া হইয়াছে:
  - (খ) কোন জেলা স্কুলবোর্ড কত টাকা শিক্ষাকর হিসাবে পাইয়াছেন:
  - (গ) কোন্ জেলা স্কুলবোড কত টাকা তাঁহাদের আফিস পরিচালনার জন্য থরচ করিয়াছেন; এবং
  - (ঘ) কোন্ জেলা স্কুলবোর্ড কত টাকা তাঁহাদের বোর্ড সদস্যদের টি এ এবং ভাতা বাবদ খরচ করিয়াছেন?

#### The Hon'ble Pannalal Bose:

(क) হইতে (ঘ) একটি বিবরণী লাইব্রেরী টেনিলে উপস্থাপিত করা হইল।

#### 8j. Provash Chandra Roy:

মাননীয় ম-গ্রীমহাশয় অনুওহ করে বলবেন কি, যে ১৯৫০ সাল থেকে ১৯৫০ সাল ও তার প্রবতীকাল প্যশ্তি ২৪-প্রগণা জেলা স্কুল বোড়ে নিয়মিতভাবে স্রকারী সাহায্য দেওয়া হয়নি কেন?

Mr. Speaker: This is not a question on one district alone.

#### 8j. Provash Chandra Roy:

আচ্ছা, স্যার, আমি জেনারেল ওয়েতে বলছি।

Mr. Speaker: That question does not arise.

#### 81. Provash Chandra Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় একথা জানেন কি যে ১৯৫০-৫৩ সাল. ও তার পরবতণী সালে পশ্চিম-বংগার বিভিন্ন জেলা স্কুল বোর্ডে নিয়মিতভাবে সরকারী সাহাযা না দেওয়ার জন্য এবং যথাসময় না পাঠানর জন্য প্রাইমারী শিক্ষকরা যথাসময় তাদের বেতন পান নি, একথা সত্য কি?

#### The Hon'ble Pannalai Bose:

আর একবার বলনে।

#### 8j. Provash Chandra Roy:

মাননীয় মন্দ্রীমহাশয় কি বলবেন ১৯৫০ সাল থেকে আজ পর্যন্ত পশ্চিমবঙ্গের জেলা স্কুল বোর্ডাগ্রলিতে সরকারী সাহায্য যথা সময় না পাওয়াতে প্রাইমারী শিক্ষকরা মাইনে পান নি, একথা সত্য কিনা?

#### The Hon'ble Pannalal Bose:

ता ।

Mr. Speaker: That question does not arise.

[3-40-3-50 p.m.]

#### Sj. Kanai Lal Bhowmick:

এই সমসত যে টাকা তা অডিট হয় কিনা?

#### The Hon'ble Pannalal Bose:

হাঁ অডিট হয়।

#### Si, Kanai Lal Bhowmick:

এই অডিট রিপোর্ট সরকারের তরফ থেকে ভাল কোরে দেখা হয়?

#### The Hon'ble Pannalal Bose:

আপনার প্রশ্নটা ত ভাল ব্রুতেই পারছি না। আমি যে টেটমেন্ট দিয়েছি তার ভিতর প্রাইমারী এড়কেশনের একটি কথাও নাই। স্তরাং এ প্রশন ওঠে কি কোরে?

Mr. Speaker: Questions over.

#### NON-OFFICIAL RESOLUTIONS

Sj. Jyoti Basu: Sir, I beg to move that this Assembly is of opinion that the Government of West Bengal should immediately request the Government of India to make serious efforts (1) for the release of Shri Tridib Choudhury, M.P., from Murshidabad district of West Bengal, now a prisoner in Goa, and (2) pending the release, for ensuring humane treatment to Shri Choudhury inside Jail

দপীকার মহাশার। আমি প্রথমেই এই প্রদতাব আনবাব সঞ্জে সঞ্জে এই আশাই প্রকাশ কোর্ব যাতে এই প্রদতাব আমরা সবাই একসঞো গ্রহণ করতে পারি। কারণ, এই প্রদতাব যদি আমরা একসঞো একমত হয়ে গ্রহণ করতে না পাবি তাহলে কেবল আমাব ধাবণা নয় সকলেই দ্বীকার করবেন যে গোয়াতে যাঁরা বন্দী আছেন তাঁদের অবস্থা আরও খারাপ হবে, এবং গোয়ায় সম্পর্কে ভারতবর্ষের জনসাধাবণের মনোভাব যোটা সমুস্পট হয়ে উঠেছে সে বিষয়ে আনতজাতিক ক্ষেত্রে অনেকে সন্দেহ প্রকাশ করবেন বিশেষ কোরে আমাদেব বিপক্ষীয়ের। সেইজনা আমি আর একবার বলছি যে, যেন এই প্রস্তাব আমরা সবাই একসঞো মিলে গ্রহণ করতে পারি।

Mr. Speaker: The heading on the paper circulated is "on the consent of different parties and groups"

#### Sj. Jyoti Basu:

হেডিং সেখানে কিছু নাই। কারণ আমি আগেই এটা শ্রেছিলাম যে কেন লেখা নাই। যদি কংগ্রেসের ভিতর তাঁরাও এটায় একমত যে একসংগে সবাই মিলে এটা পাশ করা উচিত তাহলে আমি এ সম্বন্ধে দুই-একটি কথা বলতে চাই।

প্রথম হচ্ছে আমরা জানি এবং সম্প্রতি দেখতে পাছি যে গোয়ার বাপোরে আমরা যা কিছ্
এতদিন ধরে বলিছি সেটা থেকে অন্ততঃ আন্তর্জাতিক ক্ষেত্রে এখন এটা সমুস্পট হয়ে উঠেছে
যে কারা আমাদের বন্ধ্ এবং কারা শত্ত্ব। গোয়াব ব্যাপারে আমরা ব্রুতে পারছি যে পশিওত
নেহর্ যে চেন্টা করেছেন এবং এখনও করছেন যাতে শান্তিস্প্রণ উপায়ে গোয়াকে মৃদ্ধ করা
যায়, কিন্তু পর্তুগীজ সাম্লাজাবাদীরা সে বিষয়ে কর্ণপাত করছে না, এবং শৃধ্ কর্ণপাত করছে
না তা নয়, সম্প্রতি তারা বলে দিয়েছে যে শান্তিপ্রণ উপায়ে এসব কোন জিনিস হবে না, গোয়া
শান্তিপ্রণ উপায়ে মৃদ্ধ হবে না। এবং এ কথাও তারা বলেছে যে গোয়ার সম্বন্ধে ভারতবর্ষের
সরকার কিছ্ করতে গোলে সাম্লাজাবাদীরা বাধা দেবে। আমরা প্রেণ্ঠ জানতাম এবং এখনও
জানি, কারণ সাম্প্রতিক ঘটনাবলীর মধা দিয়ে এটা সম্প্রণ্ট হয়েছে যে পর্তুগাভ সাম্লাজাবাদীর
ক্ষমতা ছিল না—অতি ছোট সেই সাম্লাজাবাদীর যে এত বড় কথা ভারতবর্ষের সরকারকে বলতে
পারে, যদি না তার পিছনে আর একটা বৃহৎ সাম্লাজাবাদী প্রতিগাল সাম্লাজাবাদীর পিছনে আছে

